দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 JAN 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

02 25

# '৭৩-এর অধ্যাদেশ সংশোধনী এ অধিবেশনে নয়'

( ইত্তেফাক রিপোর্ট )

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গতকাল (বুধবার) জাতীয় সংসদে জানান, সংসদের চলতি অধিবেশনে ১৯৭৩-এর বিশ্ববিদ্যা-

(১১শ পৃঃ দ্রঃ)

## ৭৩-এর অধ্যাদেশ

(১ম পৃঃ পর)

লয় অধ্যাদেশ সংশোধনের বিল আনা হইবে না।

গতকাল সকালে বিরোধীদলের প্রশ্নের জবাবে তিনি ভার্সিটিসমূহের পরিস্থিতি ব্যাখ্যাকালে এ তথ্য জানান। শিক্ষামন্ত্রী বলেন, সৈয়দ আলী আহসানের নেতৃত্বে গঠিত মঞ্জুরি কমিশন ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাদের একটি যুক্ত কমিটি অধ্যাদেশটি পরীক্ষা করিতেছে। সংসদীয় স্থায়ী কমিটিতে অধ্যাদেশে সম্ভাব্য সংশোধনীর দিক বিবেচিত হইতেছে। মন্ত্রী বলেন, ১৮ বৎসরের ব্যবধানে পরিবর্তিত পরিস্থিতির উপযোগী করিয়া অধ্যাদেশটিকে যুগোপযোগী করার জন্যই চিন্তা-ভাবনা চলিতেছে।

বিশ্ববিদ্যালয়সমূহে সন্ত্রাস সম্পর্কিত প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, প্রতি মাসের প্রথম শনিবার বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর প্রেসিডেন্ট এরশাদ সকল ভিসিকে লইয়া নিয়মিত যে বৈঠকে মিলিত হন, উহাতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করা হয়। তিনি জানান, নিয়মিত অভিযান চালাইয়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবাঞ্ছিত ব্যক্তিদের আগমন রোধের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রচেষ্টা অব্যাহত আছে।

অপর প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে সরকার যুদ্ধ ঘোষণা করে নাই। অধিকাংশ শিক্ষার্থী বিদ্যার্জন করিতেছে। ছাত্র সংগঠনসমূহও সন্ত্রাসের বিরুদ্ধে সোচ্চার। কেবল গুটিকয়েক ব্যক্তি এ চেষ্টায় ব্যাপৃত। শিক্ষামন্ত্রী সংসদকে জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ১১১৮ জন শিক্ষক রহিয়াছে। তাহাদের মধ্যে ২৩২ জন এখন দেশের বাহিরে। তাহাদের ৫০ জনের ছুটির মেয়াদ শেষ হইয়াছে। এ সকল শিক্ষকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ শুরু হইয়াছে।